

ফতওয়া নং ৩৬০

প্রশ্ন:

যাকাতের টাকা নিয়ে মাদ্রাসায় শিক্ষকের বেতন দেওয়া যাবে কি

উত্তর:

যাকাতের টাকা গরীবদের হক। তাই গরীবদের না দিয়ে বেতন ইত্যাদিতে খরচ করা জাইয হবে না। গরীব ব্যক্তি মালিক হয়ে যাওয়ার পর যদি সে স্বেচ্ছায় মাদ্রাসায় দান করে, তবে সেই টাকা আর যাকাতের টাকা গণ্য হবে না। ফলে তখন বেতন ইত্যাদিতে খরচ করা যেতে পারে। (জামিউল ফাতাওয়া ৪/২৭৮, ফাতাওয়া দাঃউঃদেঃ ৬/১৪৫)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।
১৫ শে শাওয়াল, ১৪৪৫ হিজরী (25/04/2024)